

বাংলাদেশে পল্লী উন্নয়ন বোর্ড  
ইরসেপো কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ০৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭০২.১৪. ৪৪৬

তারিখ: ০৭ নভেম্বর, ২০২৪।

**বিষয় : ব্যাখ্যা ভলব।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইরসেপো প্রকল্পের গত ৩১/১০/২০২৪ তারিখে সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় যে, আপনি জনাব মিনি খাতুন, মাঠ সংগঠক, শৈলকূপা, ঝিনাইদহ জেলায় গত জুলাই, ২০২২ যোগদান করেছেন। উক্ত উপজেলায় যোগদানের পর হতে এ পর্যন্ত আপনি ঋণ বিতরণ করেছেন মাত্র ১৪,৩৫,০০০.০০ টাকা, আদায় ৯,০০,০০০.০০ টাকা, কিস্তি খেলাপি ২,৪৫,২৫৬.০০ টাকা, মাঠে বকেয়া ৪,৫৫,৩২৫.০০ টাকা এবং সঞ্চয় ১,০৪,৬৭৫.০০ টাকা। এ ছাড়াও আপনার সমিতি গঠন, সদস্য নির্বাচন ও প্রশিক্ষণ কার্যক্রম লক্ষ্যমাত্রার বিপরীতে কার্যক্রমের অগ্রগতি অত্যন্ত হতাশাব্যঞ্জক। আপনার এহেন কার্যক্রমের কারণে উক্ত উপজেলার প্রকল্পের সার্বিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

০২। এমতাবস্থায়, আপনার দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে না তার জবাব আগামী ১৭/১১/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।

  
০৭.১১.২৪.

এ, এস, এম, সোলায়মান  
উপ কর্মসূচি পরিচালক

জনাব মিনি খাতুন  
মাঠ সংগঠক, ইরসেপো  
শৈলকূপা, ঝিনাইদহ।

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. প্রকল্প পরিচালক, ইরসেপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।
০২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ঝিনাইদহ।
০৩. মনিটরিং কর্মকর্তা, ইরসেপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা (নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধসহ)।
০৪. প্রোগ্রামার, ইরসেপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, শৈলকূপা, ঝিনাইদহ।
০৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০৭. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরসেপো, বিআরডিবি, শৈলকূপা, ঝিনাইদহ।
০৮. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
০৯. অফিস/ব্যক্তিগত কপি।